

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৩

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

আববী

وَعَنْ أَبِيْ بُردَةَ عَنْ أَبِيْ مُوسَى الأَشْعَرِي قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللهِ عَلِي في غَزاةٍ وَنَحْنُ سِتَّةُ نَفَرٍ بَيْنَنَا بَعِيرٌ نَعْتَقِبُهُ فَنقِبَت أَقدَامُنَا وَنَقِبَت قَدَمِي وَسَقَطَت أَظْفَارِي فَكُنَّا وَنَقِبَت قَدَمِي وَسَقَطَت أَظْفَارِي فَكُنَّا نَعْصِبُ عَلَى أَرْجُلِنَا مِنَ نَلُفُ عَلَى أَرْجُلِنَا الخِرَقَ فَسُمِّيَت غَزْوَةَ ذَاتِ الرِّقَاعِ لِمَا كُنَّا نَعْصِبُ عَلَى أَرْجُلِنَا مِنَ الْخُرَقِ قَالَ أَبُو مُوسَى بِهَذَا الحَدِيثِ ثُمَّ كَرِه ذَلِكَ وَقَالَ: مَا كُنْتُ الخَرَقِ قَالَ أَبُو مُوسَى بِهَذَا الحَدِيثِ ثُمَّ كَرِه ذَلِكَ وَقَالَ: مَا كُنْتُ أَصْنَعُ بِأَنْ أَذْكُرَهُ قَالَ: كَأَنَّهُ كَرِهَ أَنْ يَكُونَ شَيْئًا مِنْ عَمَلِهِ أَفْشَاهُ مِتْفَقٌ عَلَيْهِ

বাংলা

(৩০৩) আবৃ বুরদাহ (রহঃ) থেকে বর্ণিত, আবৃ মুসা আশআরী (রাঃ) বলেন, কোন যুদ্ধে আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে রওনা হলাম। আমরা ছিলাম ছ'জন। আমাদের একটি মাত্র উঁট ছিল। পর্যায়ক্রমে এক এক করে আমরা তার পিঠে আরোহন করলাম। (হেঁটে হেঁটে) আমাদের পা ফেটে গেল। আমার পা দু'খানাও ফেটে গেল, খসে গেল নখগুলো। এ কারণে আমরা আমাদের পায়ে নেকড়া বাঁধলাম। এ জন্য এ যুদ্ধকে 'যাতুর রিকা' (নেকড়া-ওয়ালা) যুদ্ধ বলা হয়। কেননা, এ যুদ্ধে আমরা আমাদের পায়ে নেকড়া দিয়ে পটি বেঁধেছিলাম।

আবৃ মূসা (রাঃ) উক্ত ঘটনা বর্ণনা করতেন। কিন্তু পরবর্তীতে তিনি এ ঘটনা বর্ণনা করাকে পছন্দ করতেন না। তিনি বলেন, আমি এভাবে বর্ণনা করাকে ভাল মনে করি না। সম্ভবতঃ তিনি পছন্দ করতেন না যে, তাঁর কিছু আমল তিনি প্রকাশ করুন।

ফুটনোট

(বুখারী ৪১২৮, মুসলিম ৪৮০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=63664}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন